**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৫, ঢাকা
২৮/এফ সেগুনবাগিচা, ঢাকা
www.taxeszone5dhaka.gov.bd

স্মারক নম্বর: ৫ই-৪/অংশ-৮/কঅ-৫/২০২১-২০২২/৪০৭৫ তারিখঃ ১৪/১২/২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩ (আয়কর) এর স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.২৯/১(৭), তারিখঃ ২৪/০১/২০২১ইং অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর কমিশনার, কর অঞ্চল-৫, ঢাকা এর অধীনে গ্রেড-১১ থেকে গ্রেড-২০ পর্যন্ত বিভিন্ন শূন্যপদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত ঢাকা বিভাগের অন্তর্গত সকল জেলার প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের কাছ থেকে শর্তসাপেক্ষে অনলাইনে ( http://tax5.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শুন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার বাসিন্দা ও নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল<br><br>তবে<br>শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ সকল জেলা থেকে আবেদন করতে পারবেন |
| ০২। | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০৫(পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৩। | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০৩(তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি প্রতি মিনিট ইংরেজীতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ইংরেজীতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ।<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৬(ছয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ।<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল<br><br>তবে<br>শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ সকল জেলা থেকে আবেদন করতে পারবেন |
| ০৫। | গাড়ি চালক<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স।<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ০৬। | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৭। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০৪(চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৮। | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০১(এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবেঃ**

০১।

| বয়সসীমা | বয়সসীমা নির্ধারণের তারিখ |
|---|---|
| ১৮ হতে ৩০ বছর | যে সকল প্রার্থীর বয়স ০১/১২/২০২১ তারিখে বর্ণিত বয়সসীমার মধ্যে থাকবে তারা আবেদনের যোগ্য বিবেচিত হবেন। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের সর্বোচ্চ বয়সসীমা হবে ১৮-৩২ বৎসর। তবে ২৫শে মার্চ, ২০২০ তারিখে যারা সর্বোচ্চ বয়সসীমায় পৌঁছেছেন তারাও আবেদন করতে পারবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।<br>ক্রমিক নং-৩ ও ৪ এ উল্লিখিত পদের বিপরীতে কর বিভাগে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |

০২। সরকারী/আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোনো অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

০৩। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (<u>ক্রমিক নং ক হতে ঝ পর্যন্ত</u>) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম সনদের সত্যায়িত ফটোকপি।

চ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও (Admit Card)

ছ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

জ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি।

ঝ. গাড়ী চালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি।

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৪। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৫। সরকারী নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৬। নিয়োগের বিষয়ে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।

০৭। লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী এস,এম,এস এর মাধ্যমে জানানো হবে। এছাড়া কর অঞ্চলের নোটিশবোর্ড ও ওয়েবসাইটে (www.taxeszone5dhaka.gov.bd) প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী এই কর অঞ্চলের নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ ডি.এ. প্রদান করা হবে না।

০৯। বিজ্ঞপ্তিটি কর অঞ্চল-৫, ঢাকার ওয়েবসাইট www.taxeszone5dhaka.gov.bd তে পাওয়া যাবে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শুন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১২। সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও আবেদনের সময়সীমা নিম্নরূপ: :**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://tax5.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৩ জানুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ বিকাল ০৫.০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোন Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র জমাদানের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য, ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে আবেদন ফি বাবদ ক্রমিকনং-১ থেকে ৫ পর্যন্ত প্রার্থীর জন্য পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা ও teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ১২.০০ (বারো) টাকা সহ অফেরতযোগ্য মোট ১১২.০০ (একশত বারো) টাকা ও ক্রমিক নং-৬, ৭ ও ৮ এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকা সহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**SMS এর নিয়মাবলী :**

**প্রথম SMS :** TAX5<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: TAX5 ABCDEF

Reply: Applicant's Name, **112 or 56** Tk will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type TAX5<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS :** TAX5<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: TAX5 YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for TAX5 Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ. SMS-এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করে নেবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://tax5.teletalk.com.bd অথবা কর অঞ্চল-৫, ঢাকার ওয়েবসাইট www.taxeszone5dhaka.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

ঞ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(a) **User ID জানা থাকলে:**
TAX5<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222. Example: TAX5 **Help USER ABCDEF** & Send to 16222.

(b) **PIN Number জানা থাকলে:**
TAX5<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: TAX5 **Help PIN 12345678** & send to 16222.

ট. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঠ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.taxeszone5dhaka.gov.bd ওয়েবসাইটে এবং http://.tax5.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ড. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে, যেকোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও vas.query@teletalk.com.bd ও taxes.zone5@yahoo.com এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: TAX5, Post Name........, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৪/১২/২৩

( এস এম গালিব ফারুক )
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-৫, ঢাকা
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি
কর অঞ্চল-৫, ঢাকা
ফোন: ০২-৪৮৩১৩১৪৫